



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

উদ্ভাবনী ধারণার তালিকা

ক্রম	উদ্ভাবনী ধারণার শিরোনাম	অর্থ বছর	বর্তমান অবস্থা
০১	পিকেবি ওয়ান স্টপ লোন সার্ভিস।	২০১৬-১৭	রেপ্লিকেটেড
০২	লোন রিকোভারী এসএমএস এলার্ট সার্ভিস।	২০১৭-১৮	স্কেলআপ
০৩	পিকেবি তথ্যকণিকা (মোবাইল অ্যাপস)।	২০১৮-১৯	আইডিয়া ডিজাইন

উদ্ভাবনী ধারণা-১

উদ্যোগের শিরোনামঃ পিকেবি ওয়ান স্টপ লোন সার্ভিস।

যে ধরনের ইভেন্ট / কর্মশালা হতে উদ্ভাবন এর শুরুঃ শাখা/মাঠ পর্যায় হতে উদ্ভাবনী ধারণা আহবান করে যাচাই/বাছাই পূর্বক উদ্ভাবনী ধারণা গ্রহণ করা হয়েছে।

সমস্যার মূল কারণঃ প্রত্যন্ত এলাকা থেকে যে সকল কর্মী বিদেশ গমন করেন তাদেরকে অত্যন্ত দ্রুততার সাথে সময় ও ব্যয় সাশ্রয়ী উপায়ে ব্যাংকের সেবা প্রদান করা।

ভুক্তভোগী জনগোষ্ঠীঃ প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত বিদেশগমনেইচ্ছুক কর্মী।

চিহ্নিত সমস্যাঃ ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের সাহায্যে সরাসরি ব্যাংকে ঋণ আবেদন করা সম্ভব হলে গ্রাহকের সময়, অর্থ ও যোগাযোগের পরিমাণ হ্রাস পাবে।

প্রস্তাবিত সমাধান :

- প্রবাসী কল্যাণ ব্যাংক একটি ঋণ আবেদন পোর্টাল প্রস্তুত করবে।
- ঋণ আবেদনকারী প্রয়োজনীয় কাগজপত্র ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে জমা দিবেন। তথ্য সেবা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঋণ আবেদন ফরম অনলাইনে পূরণ করবেন এবং এতদসংশ্লিষ্ট সকল কাগজপত্র স্ক্যান করে ঋণ আবেদন পোর্টালে আপলোড করবেন। যদি কোন কাগজপত্র ঘাটতি থাকে সেক্ষেত্রে আবেদনকারী এসএমএস, ইমেইল অথবা ই তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে জানতে পারবেন।
- সংশ্লিষ্ট শাখা ঋণের জন্য দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঋণ অনুমোদনের বিষয়টি ঋণ গ্রহীতা এসএমএস অথবা ইমেইলের মাধ্যমে জানতে পারবেন।
- ঋণ গ্রহীতা ঋণ মঞ্জুরীর চেক নিকটবর্তী শাখা থেকে উত্তোলন/গ্রহণ করতে পারবেন।

উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবেঃ

- উপরোক্ত কার্যক্রম গ্রহণ সম্ভব হলে ঋণ গ্রহীতার ঋণ গ্রহণে সময় ও অর্থের সাশ্রয় হবে।
- ঋণগ্রহীতাকে শারীরিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের শাখায় বারবার যাবার প্রয়োজন হবে না।
- ব্যাংক আরো দ্রুত তাদের গ্রাহকদের সেবা প্রদান করতে পারবে।
- তথ্য প্রযুক্তির মাধ্যমে ঋণ প্রদান প্রক্রিয়াকরণ হবে বিধায় এখানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

উদ্ভাবনী ধারণা-২

উদ্যোগের শিরোনামঃ লোন রিকোভারী এসএমএস এলাট সার্ভিস।

যে ধরনের ইভেন্ট / কর্মশালা হতে উদ্ভাবন এর শুরুঃ নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক দুইদিনের কর্মশালা

ইভেন্ট / কর্মশালা এর তারিখঃ ১৭-১৮ মার্চ, ২০১৮

ইভেন্ট / কর্মশালার স্থানঃ প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।

সমস্যার মূল কারণঃ অত্র ব্যাংকের মাধ্যমে বিদেশগামী ঋণ গ্রহীতা এখনও বিদেশ হতে ঋণের কিস্তি সরাসরি ব্যাংকে প্রেরণ করতে পারেন না বিধায় দেশে অবস্থিত তার জামিনদারদের সাথে বকেয়া/খেলাপী ঋণ আদায়ের জন্য সরাসরি বা টেলিফোনে যোগাযোগের পাশাপাশি এসএমএস প্রেরণ করা হলে ঋণ আদায়ের হার বৃদ্ধি পাবে।

ভুক্তভোগী জনগোষ্ঠীঃ প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত ব্যাংকের ঋণ গ্রহীতা।

চিহ্নিত সমস্যাঃ ব্যাংকের শাখা হতে যে সকল গ্রাহক বা তার জামিনদার দূরবর্তী অঞ্চলে বসবাস করেন তাদের খেলাপী/ বকেয়া ঋণের পরিমাণ জানিয়ে তা পরিশোধের জন্য এসএমএস প্রেরণ করা হলে ব্যাংকের ঋণ আদায়ের হার বৃদ্ধির পাশাপাশি গ্রাহকের সাথে যোগাযোগ নিয়মিত রক্ষা করা সহজতর হবে।

প্রস্তাবিত সমাধানঃ

- প্রবাসী কল্যাণ ব্যাংক একটি মোবাইল অপারেটরের মাফিৎ এসএমএস সার্ভিস ব্যবহার করবে।
- Application program interface (API) এর মাধ্যমে তা কোর ব্যাংকিং সফটওয়্যারের সাথে সংযুক্ত থাকবে।
- ঋণ গ্রহীতার নির্দিষ্ট পরিমাণ ঋণের কিস্তি বকেয়া হলে সরাসরি গ্রাহকের বা তার জামিনদারের প্রদত্ত মোবাইল নম্বরে একাউন্টের বকেয়া কিস্তির সংখ্যা, টাকার পরিমাণ ইত্যাদি তথ্যাদি উল্লেখপূর্বক পরিশোধের জন্য এসএমএস প্রেরণ করা হবে।

উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবেঃ

- উপরোক্ত উদ্যোগটি বাস্তবায়ন করা সম্ভব হলে ব্যাংকের ঋণ আদায়ের হার বৃদ্ধির পাশাপাশি গ্রাহকের সাথে যোগাযোগ নিয়মিত রক্ষা করা সহজতর হবে।
- ঋণগ্রহীতাকে শারীরিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের শাখায় ঋণ স্থিতির তথ্য জানার জন্য ব্যাংকে আসার প্রয়োজন হবে না।
- সরাসরি বা টেলিফোনে যোগাযোগের পাশাপাশি এসএমএস প্রেরণ করা হলে ঋণ আদায়ের হার বৃদ্ধি পাবে।

উদ্ভাবনী ধারণা-৩

উদ্যোগের শিরোনামঃ পিকেবি তথ্যকণিকা (মোবাইল অ্যাপস)।

যে খরনের ইভেন্ট / কর্মশালা হতে উদ্ভাবন এর শুরুর শাখা/মাঠ পর্যায় হতে উদ্ভাবনী ধারণা আহবান করে যাচাই/বাছাই পূর্বক উদ্ভাবনী ধারণা গ্রহণ করা হয়েছে।

সমস্যার মূল কারণঃ বিদেশগমনে ইচ্ছুক কর্মীর ব্যাংকের সেবা সম্পর্কে সঠিক তথ্য না জানা।

ভুক্তভোগী জনগোষ্ঠীঃ বিদেশগমনে ইচ্ছুক কর্মী।

চিহ্নিত সমস্যাঃ অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের ব্যাংকের সেবা সম্পর্কিত তথ্য উপস্থাপনসহ বিভিন্ন সেবা প্রদানের লক্ষ্যে একটি মোবাইল অ্যাপস তৈরী করা হবে ।

প্রস্তাবিত সমাধানঃ

মোবাইল অ্যাপস ব্যবহার করার মাধ্যমে ব্যাংকের বিভিন্ন সেবা ও কার্যক্রম, শাখায় যোগাযোগের ঠিকানা ও অবস্থান, বিভিন্ন সেবা প্রাপ্তির ফরম সংগ্রহ, ফিস ও চার্জ ইত্যাদি সম্পর্কে তথ্য সহজে জানতে পারবেন।

উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবেঃ ব্যাংকের নিজস্ব একটি মোবাইল অ্যাপস চালু থাকলে ব্যাংকের সেবা সম্পর্কিত প্রাথমিক তথ্য অংশীজন ও গ্রাহকেরা সহজেই জানতে পারবেন।